



বিএমএ নিউজ

০৯ ফাল্গুন ১৪২৬/১৯ ফেব্রুয়ারি ২০১৭

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

“আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি...” বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরীর নেতৃত্বে কেন্দ্রীয় কার্যকরী পরিষদ ও কেন্দ্রীয় কাউন্সিল সদস্যসহ চিকিৎসকগণ ভোর ৬:৩০টায় কালো ব্যাজ ধারণ করে প্রভাতফেরী সহকারে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ও শহীদদের স্মরণে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এছাড়াও সূর্যোদয়ের সাথে সাথে এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন করা হয়।

